

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
 আইন ও বিচার বিভাগ।  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

**আইন ও বিচার বিভাগের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন অগ্রগতি মার্চ, ২০২১ খ্রিঃ এর মাসিক  
 সভার কার্যবিবরণীঃ**

সভার তারিখ	:	২৪ মার্চ ২০২১ খ্রিঃ
সময়	:	৩.০০ ঘটিকা
স্থান	:	সম্মেলন কক্ষ (৭২৭ নং কক্ষ), আইন ও বিচার বিভাগ
সভাপতি	:	সচিব, আইন ও বিচার বিভাগ
সভার উপস্থিত কর্মকর্তাগণের তালিকা	:	পরিশিষ্ট-ক সংযুক্ত।

এপিএ কমিটির টিম লিডার জনাব উল্লে কুলসুম সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি অগ্রগত্যতার আলোকে কমিটির সভায় নিয়ন্ত্রিত বিষয়সমূহে আলোচ্য সূচীর আলোকে আলোচনা করেন :-

- ক) ৩য় ব্রেমেসিকে এবিভাগের নির্ধারিত লক্ষ্যমাত্রার অগ্রগতি পর্যালোচনা;  
 খ) ২০২১-২০২২ অর্থবছরের এপিএ কাঠামো ও এপিএ নির্দেশিকা বিষয়ে পর্যালোচনা।

ক) ৩য় ব্রেমেসিকে আইন ও বিচার বিভাগের ধার্যকৃত লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতির বিবরণ ও অনিষ্পত্তি কার্যের বিষয়ে আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয় :-

ক্রমিক নং	ইতোমধ্যে অর্জিত লক্ষ্যমাত্রা	অনিষ্পত্তি সূচকসমূহ	বাস্তবায়নকারী	মন্তব্য
১।	কৌশলগত উদ্দেশ্যে - ১.১.১, ১.২.১ ১.৩.১, ১.৩.১, ১.৪.১, ১.৬.১ ২.৪.১, ২.৫.১, ২.৫.২, ২.৬.১ ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.৩.১ ৩.৪.১, ৩.৫.১ ৪.১.১, ৪.১.২ ৪.২.১ আবশ্যিক উদ্দেশ্য - ২.২.১, ২.৩.১ ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ৩.১.১।	১.১.২, ১.৫.১, ১.৫.২ বিচার প্রশাসন প্রশিক্ষণ ১.৭.১, ২.১.১, ২.২.১ ইনস্টিউট, নিবন্ধন ২.৩.১, ৩.১.৩, ৩.১.১ অধিদপ্তর, আইন ও বিচার ৩.১.৪, বিভাগ আবশ্যিক উদ্দেশ্য - ১.২.১ ৩.২.১, ৩.৩.১	বাস্তবায়নকারী বিভাগ	জুন ২০২১-এর মধ্যে অসমাপ্ত কার্যক্রম অবশ্যই সমাপ্ত করতে হবে।

খ) বিগত ১৮/৩/২০২১ খ্রিঃ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ এর কর্মসম্পাদন ব্যবস্থাপনা (বাস্তবায়ন পরিবীক্ষণ-২) শাখা কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে ২০২১-২০২২ অর্থবছরের কর্মসম্পাদনা ব্যবস্থাপনায় কর্মকৌশল প্রণয়ন, মূল্যায়ন, পরিবীক্ষণ কাঠামোর বিজ্ঞানিক বিভাগে প্রশিক্ষণ প্রদান করতে পারিবে। এ বিভাগের এপিএ কমিটির সদস্যবৃন্দের নিকট প্রত্যাবিত এপিএ কাঠামোর বিভিন্ন দিক তুলে ধরা হয়।

আলোচনাকালে এবিভাগের এপিএ কমিটির টিম লিডার বেগম উল্লে কুলসুম উল্লেখ করেন, ২০২১-২০২২ অর্থবছরে কৌশলগত উদ্দেশ্য পূর্বের মত একইভাবে নির্ধারিত হলেও আবশ্যিক উল্লেখ এর ৩০ নম্বর এর বিপরীতে কর্মসম্পাদন সূচক এর পরিবর্তে পাঁচটি কর্মপরিকল্পনা, যথাক্রমে শুন্ধাচার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, ই-গভর্নেন্স ও ইনোভেশন, তথ্য অধিকার আইন, সেবা প্রদান প্রতিশ্রূতি সংক্রান্ত কর্মপরিকল্পনার মাধ্যমে নির্ধারিত হবে। বর্ণিত কর্মপরিকল্পনা সমূহের মধ্যে শুন্ধাচার কর্মপরিকল্পনা ব্যতিত অপর চারটি কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অভিন্নভাবে সকল মন্ত্রণালয় ও বিভাগের জন্য প্রণয়নকৃত। শুন্ধাচার কর্মপরিকল্পনা প্রত্যেক মন্ত্রণালয় ও বিভাগের জন্য জাতীয় শুন্ধাচার কৌশল এর আইন ও বিচার বিভাগের জন্য নির্ধারিত কার্যাবলীর

আলোকে প্রণয়ন করতে হবে। তাছাড়া কৌশলগত উদ্দেশ্য এ-বিভাগের কার্যাবলী ও কর্মসম্পাদন সূচক নির্ধারণের ফ্রেঞ্চে কর্মসম্পাদন নির্দেশিকার সংযোজনী -৪-এ উল্লিখিত বিষয়ের আলোকে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। সংযোজনী -৪-এ এ বিভাগের সাথে সম্পর্কিত বিষয় সমূহ হচ্ছেঃ-


- ১) বাংলাদেশ ব-ধীপ-পরিকল্পনা ২১০০
- ২) রূপকল্প ২০৪১
- ৩) অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা;
- ৪) মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন;
- ৫) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন;
- ৬) এমটি বিএফ;
- ৭) বিভাগ এ বিভাগ সংক্রান্ত করণীয়;
- ৮) এ বিভাগের নিজস্ব নীতি/পরিকল্পনা।

উল্লিখিত বিষয়সমূহের আলোকে এপিএ এর কৌশলগত উদ্দেশ্য ও জাতীয় শুল্কাচার কৌশল এর আলোকে শুল্কাচার কর্মপরিকল্পনা এবং ৩০ মে এর মধ্যে মাননীয় মন্ত্রী মহোদয়ের অনুমোদনক্রমে চূড়ান্ত কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে পারে।

জনাব একেএম এমদাদুল হক, উপ-সচিব (মতামত-৪)-তাঁর বক্তব্যে উল্লেখ করেন, সুশাসন প্রতিষ্ঠা ও প্রাতিষ্ঠানিক দক্ষতা অর্জনের অন্যতম মূল লক্ষ্য এপিএ-এর কর্মপরিকল্পনা। এক্ষেত্রে পরিকল্পনাটি যথাযথভাবে প্রণয়নের সাথে এই বিভাগের কর্মকাণ্ডের সাফল্য নির্ভর করছে। আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :-

- ১। ইতোমধ্যে অনিষ্টন সূচকসমূহের কার্যক্রম বিচার প্রশাসন ইন্সটিউট (কৌশলগত ১.১.২), নিবন্ধন অধিদণ্ডের কৌশলগত ৩.১.১, ৩.১.৩, ৩.১.৮), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংহা (কৌশলগত ১.৫.১, ১.৫.২, ২.১.১) এবং আইন ও বিচার বিভাগ আবশ্যিক উদ্দেশ্য ১.২.১, ৩.২.১, ৩.৩.১ সম্পন্ন করবে।
- ২। আগামী ১৩ এপ্রিল-এর মধ্যে এপিএ কমিটি ২০২১-২০২২ অর্থ বছরের খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করে এ বিভাগে মাননীয় সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় তা উপস্থাপন করবে। সভার সিদ্ধান্ত অনুযায়ী খসড়াটি চূড়ান্ত করার পূর্বে বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদনক্রমে তা চূড়ান্ত করা হবে।

জনাব উপ্রে কুলসুম উপস্থিতি সদস্যদের প্রাণবন্ত অংশগ্রহণে সভাটিকে অর্থবহ করে তোলার জন্য সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন। আগামী ১৩ এপ্রিলের পূর্বে খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করে এ বিভাগের মাননীয় সচিব মহোদয়ের উপস্থিতিতে সকল কর্মকর্তার সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত করার এবং ২০২০-২০২১ অর্থ বছরের অসমাপ্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার আশাবাদ ব্যক্ত করে সভাটি সমাপ্ত করেন।

  
(উপ্রে কুলসুম)  
যুগ্ম-সচিব (মতামত)  
ও  
ঠিম লিডার এপিএ কমিটি